# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

২৯ আশ্বিন ১৪২৬

এফই সার্কুলার লেটার নং-২৪ তারিখ ঃ---------------------

১৪ অক্টোবর ২০১৯

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস

প্রিয় মহোদয়গণ,

**বিদেশস্থ এক্সচেঞ্জ হাউজের নামে দেশীয় ব্যাংকে পরিচালিত হিসাবসমূহের নাম পরিবর্তনের বিষয়ে সাধারণ প্রাধিকার প্রদান প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বিদেশস্থ যেসকল এক্সচেঞ্জ হাউজের সাথে বাংলাদেশস্থ ব্যাংকসমূহের ড্রয়িং ব্যবস্থা বিদ্যমান আছে তাদের স্বীয় নাম পরিবর্তন অথবা অন্য এক্সচেঞ্জ হাউজের সাথে একীভূত হওয়া অথবা অন্য এক্সচেঞ্জ হাউজ কর্তৃক অধিগ্রহণের ফলে নাম পরিবর্তনের কারণে উক্ত এক্সচেঞ্জ হাউজের নামে বাংলাদেশস্থ ব্যাংকসমূহে পরিচালিত হিসাবসমূহের নাম পরিবর্তনের বিষয়ে বাংলাদেশ ব্যাংক হতে কেস টু কেস ভিত্তিতে অনুমোদন গ্রহণের ব্যবস্থা বিদ্যমান রয়েছে।

পরিলক্ষিত হচ্ছে যে, প্রায়শই বিদেশী এক্সচেঞ্জ হাউজসমূহের স্বীয় নাম পরিবর্তিত হওয়া অথবা অন্য কোন প্রতিষ্ঠানের সাথে একীভূত হওয়া অথবা অন্য প্রতিষ্ঠান কর্তৃক অধিগ্রহণ হওয়ার ঘটনা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। রেমিট্যান্স আহরণ কার্যক্রম স্বাভাবিক রাখার স্বার্থে এক্ষণে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, উল্লিখিত যে কোন কারণে বিদেশস্থ এক্সচেঞ্জ হাউজের নাম পরিবর্তন হলে তাদের নামে পরিচালিত হিসাবসমূহের নাম এক্সচেঞ্জ হাউজের পরিবর্তিত নামে পরিবর্তন করার জন্য বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণের প্রয়োজন হবে না। এ বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক কর্তৃক অনুসরণীয় নির্দেশাবলী নিম্নরূপঃ

০১। এক্সচেঞ্জ হাউজসমূহের নাম পরিবর্তন সম্পর্কে জ্ঞাত হওয়ামাত্র সংশ্লিষ্ট ব্যাংক বিষয়টি বাংলাদেশ ব্যাংককে অবহিত করবে;

০২। ব্যাংকসমূহ প্রয়োজনীয় কাগজপত্রাদি তথা নাম পরিবর্তনের সপক্ষে প্রমাণাদি (এক্সচেঞ্জ হাউজের পত্র, নাম পরিবর্তনের বিষয়ে প্রতিষ্ঠানটির বোর্ড রিজোলিউশন, এক্সচেঞ্জ হাউজের পরিবর্তিত নামের বিষয়ে সংশ্লিষ্ট দেশের উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনের কপি ইত্যাদি) সংগ্রহ করতঃ তাদের যথার্থতা বিবেচনান্তে নিজ দায়িত্বে বিদেশী এক্সচেঞ্জ হাউজের নামে পরিচালিত হিসাবসমূহের নাম পরিবর্তন করবে;

০৩। হিসাবের নাম পরিবর্তন করার পরবর্তী ৭ কার্যদিবসের মধ্যে এর সপক্ষে প্রমাণাদি এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়কে অবহিত করবে।

০৪। ড্রয়িং এ্যারেঞ্জমেন্ট স্থাপন সম্পর্কিত সার্কুলার লেটার নং-এফইপিডি(এলডিএ-১)১৪৭/২০০৭-১৪৬৮ তারিখঃ ২৯/১০/২০০৭ এর পরিপালন নিশ্চিত করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১২৩